গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
অধ্যক্ষের কার্যালয়
শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইনস্টিটিউট
গৌরনদী, বরিশাল।
Website: sarsti.gournadi.barisal.gov.bd

নোটিশ নং: ১৩

তারিখ: ১১/০৪/২০২২ খ্রি.

নোটিশ


এতদ্বারা অত্র প্রতিষ্ঠানের সকল শিক্ষক-কর্মকর্তা/কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে আগামী ১২/০৪/২০২২ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় একটি সভা অধ্যক্ষ মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত হবে।


উক্ত সভায় সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ
উ. .বন পরিকল্পনা সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা।

১১/০৪/২২

ইঞ্জি. মো. হুমায়ুন কবির
অধ্যক্ষ ( অতি. দা)
শহীদ আবদুর রব সেরনিয়াবাত
টেক্সটাইল ইনস্টিটিউট, গৌরনদী, বরিশাল।




২ দিনব্যাপী কর্মশালা
তারিখঃ ০৮-০৯ জুন ২০২২ খ্রিঃ
সময়ঃ সকাল ১০.০০টা হতে বিকাল ৫.০০ টা
স্থানঃ কম্পিউটার ল্যাব একাডেমিক ভবন
সভাপতিঃ ইঞ্জিঃ মোঃ হুমায়ুন কবির
অধ্যক্ষ (অতিঃ দাঃ)
শহীদ আবদুর রব সেরনিয়াবাত
টেক্সটাইল ইনস্টিটিউট গৌরনদী, বরিশাল





উদ্ভাবন পরিকল্পনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার আইন  বিষয়ক প্রশিক্ষণ ও সভা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইনস্টিটিউট
গৌরনদী, বরিশাল।
email: sarsti.gournadi@gmail.com

## একাডেমিক কাউন্সিল সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ হুমায়ুন কবির ( অধ্যক্ষ )
তারিখঃ ১৩/০৩/২০২২ খ্রিঃ
সময়ঃ সকাল ১০.০০ ঘটিকায়
স্থানঃ অধ্যক্ষের অফিস কক্ষ
উপস্থিতিঃ কপি সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতি কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে স্বাগত জানান।
এরপর সভাপতির অনুমতিক্রমে মোঃ তসলিম হোসেন খান ( সদস্য একাডেমিক কাউন্সিল ) উদ্ভাবনী পরিকল্পনা নিয়ে আলোচনা শুরু করেন। সরকারের উদ্ভাবনী পরিকল্পনার অংশ হিসেবে একটি উদ্ভাবনী কার্যক্রম গ্রহণের বিষয় উত্থাপিত হয়।

প্রস্তাবঃ প্রতিষ্ঠানের সুষ্ঠ বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে প্রতিষ্ঠানটি পরিষ্কার এবং প্রতিষ্ঠানটির সৌন্দর্য্য বৃদ্ধি করা।

জনাব মুহম্মদ সোহেল আরমান- সীমানা প্রাচীর শক্ত ও মজবুত করার বিষয়ে অর্থ প্রাপ্তির ব্যাপারে জানতে চান। এই জিজ্ঞাসার ব্যাপারে সভাপতি জনাব মোঃ হুমায়ুন কবির সর্বোচ্চ ২৫০০০ ( পচিশ হাজার ) টাকা প্রদানের কথা নিশ্চিত করেন। অত্র ইনস্টিটিউটের বর্জ্য সংগ্রহকারী কোন প্রতিষ্ঠান না থাকায় অত্র ইনস্টিটিউটের সুষ্ঠ বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নলিখিত শিক্ষককে দায়িত্ব প্রদান করা হয়।

আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।
অত্র ইনস্টিটিউটের বর্জ্য সংগ্রহকারী কোন প্রতিষ্ঠান না থাকায় অত্র ইনস্টিটিউটের সুষ্ঠ বর্জ্য ব্যবস্থাপনা। জনাব মোঃ রফিকুল ইসলাম, জুনিয়র ইন্সট্রাক্টর ( নন- কারিগরি ) উপরোক্ত উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের প্রস্তাব পেশ করবেন এবং পরিকল্পনা প্রণয়ন করবেন।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/০৩/২২

ইঞ্জি. মো. হুমায়ুন কবির
অধ্যক্ষ
শহীদ আব্দুর রব সেরনিয়াবাত
টেক্সটাইল ইন্সটিটিউট, গৌরনদী, বরিশাল।

স্মারক নং বস্ত্র/ শআরসেটেই/ গৌর/ বরি/ একাডেমিক কাউন্সিল/৩০/২০১৮/ ৭২-১ তাং: ১৩/০৩/২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ
১। মহাপরিচালক,বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
২। জনাব ....................সদস্য একাডেমিক কাউন্সিল।
৩। অফিস কপি

১৩/০৩/২২

ইঞ্জি. মো. হুমায়ুন কবির
অধ্যক্ষ
শহীদ আব্দুর রব সেরনিয়াবাত
টেক্সটাইল ইন্সটিটিউট, গৌরনদী, বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
অধ্যক্ষের কার্যালয়
শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইনস্টিটিউট
গৌরনদী, বরিশাল।
email: sarsti.gournadi@gmail.com

খ্রীঃ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলে উপস্থিত শিক্ষকদের হাজিরা

| ক্রমিক নং | সদস্যের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ তসলিম হোসেন খান | ইন্সট্রাক্টর ( কারিগরি ) | |
| ০২ | জনাব মোঃ সাখাওয়াত হোসেন | ইন্সট্রাক্টর ( নন- কারিগরি ) | |
| ০৩ | জনাব মোঃ রফিকুল ইসলাম | জুনিয়র ইন্সট্রাক্টর ( নন- কারিগরি ) | |
| ০৪ | জনাব মুহম্মদ সোহেল আরমান | জুনিয়র ইন্সট্রাক্টর ( নন- কারিগরি ) | |
| ০৫ | গোলাম ফজলে রাব্বি | জুনিয়র ইন্সট্রাক্টর ( কারিগরি ) | |
| ০৬ | মোঃ শরীফ | পরিদর্শক ( কারিগরি ) | |

১৬/০৩/২২

## উদ্ভাবনী প্রস্তাব -১

তারিখঃ ১৫/০৩/২০২২

প্রস্তাবকঃ মোঃ রফিকুল ইসলাম

ঠিকানাঃ জুনিয়র ইনস্ট্রাক্টর (নন- কারিগরি ), শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইন্সটিটিউট,গৌরনদী বরিশাল।

ই-মেইলঃ rafique317@gmail.com

মোবাইলঃ ০১৭২১৮৩৫৭৬৯

**প্রস্তাবনার শিরোনামঃ** প্রতিষ্ঠানের বর্জ্য ব্যবস্থাপনা।

**পটভূমিঃ**

বর্তমান সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচীর মধ্যে অন্যতম একটি কর্মসূচি সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনা । তাছাড়া এটি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার একটি গুরুত্বপূরণ অংশ।

শহীদ আব্দুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইনস্টিটিউট গৌরনদী বরিশাল প্রতিষ্ঠানটি গৌরনদী বাস স্ট্যান্ড থেকে আনুমানিক তিন কিলোমিটার দূরে অবস্থিত এবং প্রতিষ্ঠানটি গৌরনদী পৌরসভার সীমানা ভুক্ত নয়। পৌরসভার অভ্যন্তরে প্রতিষ্ঠানসমূহ থেকে সাধারণত পৌরসভা নির্ধারিত ফি'র বিনিময়ে ময়লা আবর্জনা সমূহ সংগ্রহ করে থাকে। কিন্তু যেহেতু প্রতিষ্ঠানটি পৌরসভার সীমানার বাইরে অবস্থিত তাই আবর্জনা সংগ্রহের জন্য নির্দিষ্ট কোন প্রতিষ্ঠান নেই । সেজন্য প্রতিষ্ঠানটির বর্জ্য ব্যবস্থাপনার জন্য আমাদের উদ্ভাবনীমূলক কার্যক্রম হাতে নেয়া ।

**উদ্ভাবনী প্রস্তাবনার সংক্ষিপ্ত বর্ণনাঃ** বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে পরিবেশ সুন্দর এবং পরিচ্ছন্ন রাখা সম্ভব হবে। এছাড়াও বর্জ্য কে পৃথক করার মাধ্যমে বর্জ্য কে পুনরায় ব্যবহার উপযোগী করা যেতে পারে। এমনকি বর্জ্য হতে অন্যান্য বাই প্রোডাক্ট পাওয়া যেতে পারে।

**উদ্ভাবনী প্রস্তাবনার সুনির্দিষ্ট ফলাফলঃ** প্রতিষ্ঠানটি ময়লা আবর্জনা মুক্ত থাকবে এবং সুন্দর দর্শনীয় প্রতিষ্ঠানে পরিণত হবে।

**উদ্ভাবনী প্রস্তাবনা বাস্তয়নে প্রয়োজনীয় সহযোগিতাঃ** এধরনের উদ্ভাবনী বাস্তবায়নের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নীিতগত অনুমোদন ও প্রয়োজনীয় অর্থ বরাদ্দ একান্ত প্রয়োজন।

**প্রাথমিক কর্মপরিকল্পনাঃ** পরিকল্পনাটি বাস্তবায়নের লক্ষ্যে দশটি প্লাস্টিকের বিন ক্রয় করা হবে। বিন গুলো প্রতিষ্ঠানটির ছাত্র হোস্টেল, ছাত্রী হোস্টেল, একাডেমিক ভবন, মাঠসহ বিভিন্ন পয়েন্টে স্থাপন করা হবে এবং বিন সমূহ আলাদাভাবে মার্কিং করা থাকবে। এক ধরনের বিনে পচনশীল ময়লা ফেলবো এবং আরেক ধরনের বিনে অপচনশীল প্লাস্টিক জাতীয় ময়লা সমূহ ফেলবো । প্লাস্টিক জাতীয় ময়লা সমূহ একটি গাড়িতে করে নিকটস্থ পৌরসভায় অথবা ডাম্পিং স্টেশনে রেখে আসবো।

**প্রত্যাশিত ফল অর্জনে পরিকল্পনাঃ**

পচনশীল বর্জ্য সমূহকে আমরা নির্দিষ্ট কয়েকটি গর্ত করে গর্তে রাখবো। পরবর্তীতে গর্ত ঢেকে দিয়ে জৈব সার তৈরি করব।

পচনশীল বর্জ্য থেকে জৈব সার উৎপাদন করার চেষ্টা করা হবে।

অপচনশীল বর্জ্যের পুনর্ব্যবহার বা সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে সৃজনশীল কিছু তৈরির লক্ষ ।

.......................................

স্বাক্ষর